

**AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin**

Date 31-01-2026

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা অন্যতম শীর্ষ বিজেপি নেতা অমিত শাহ বলেছেন, রাজ্য ত্রুটি কংগ্রেস সরকার দুর্নীতি, প্রশাসনিক ব্যর্থতা এবং সাধারণ মানুষের জীবনহানির জন্য দায়ী। মতুয়া এবং নমঃ শুদ্ধ সম্প্রদায়কে ত্রুটি কংগ্রেস ভয় দেখালেও তাদের ভীত না হওয়ার জন্য তিনি আবেদন করেছেন।
- ২) অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আগামীকাল লোকসভায় কেন্দ্রীয় বাজেট পেশ করবেন।
- ৩) এসআইআর প্রক্রিয়ায় তথ্য আপলোডের ক্ষেত্রে কোনো ধরনের ভুল আর গ্রাহ্য করা হবে না বলে নির্বাচন কমিশন জানিয়েছে।
- ৪) মুর্শিদাবাদের বেলডাঙ্গায় বেনজির অশান্তি ও হিংসার ঘটনার তদন্ত আজ এনআইএ গ্রহণ করেছে।
- ৫) হরিয়ানাকে ১৮৮ রানে হারিয়ে বাংলা রঞ্জি ট্রফি ক্রিকেটে কোয়ার্টার ফাইনালে।

রাজ্যের নির্বাচন কমিশনের সাংবিধানিক প্রক্রিয়ায় মতুয়া ও নমঃশুদ্ধ সম্প্রদায়ের মানুষের আশঙ্কার কোন কারণ নেই বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ স্পষ্ট

জানিয়েছেন। আজ ব্যরাকপুরের আনন্দপুরিতে এক কর্মসভায় যোগ দিয়ে তিনি বলেন বিজেপি নমশ্কৃ এবং মতুয়া সম্প্রদায়ের পাশে রয়েছে।

বাইট (মতুয়া)

রাজ্যের ত্রুটি কংগ্রেস সরকার দুর্বীতি, প্রশাসনিক ব্যর্থতা এবং সাধারণ মানুষের জীবনহানির জন্য দায়ী বলে শ্রী শাহ মন্তব্য করেন। আনন্দপুরে অগ্নিকাণ্ডে প্রাণহানির ঘটনায় গভীর শোক প্রকাশ করে শ্রী শাহ বলেন, এই আগুন কোন দুর্ঘটনা নয়, বরং প্রাতিষ্ঠানিক দুর্বীতি এবং ত্রুটি কংগ্রেস সরকারের সার্বিক গাফিলতির ফল। মোমো কারখানার মালিককে এখনও কেন গ্রেফতার করা হয়নি, সেই প্রশ্ন তুলেছেন তিনি।

বাইট (মোমো)

দুর্বীতি ইস্যুতে রাজ্যের শাসক দলের স'মালোচনা করে শ্রী শাহ এসএসসি, শিক্ষা, পুর নিয়োগ, গরু পাচার, রেশন, এমজিএনআরইজিএ এবং প্রধানমন্ত্রী আবাস যোজনার মতো একাধিক কেলেক্ষারির কথা উল্লেখ করেছেন। তিনি বলেন বহু ত্রুটি নেতা হিতিমধ্যেই জেলে গেছেন। বিজেপি ক্ষমতায় এলে সব দুর্বীতির মামলার তদন্ত সুপ্রিম কোর্টের বিচারকের তত্ত্বাবধানে হবে এবং প্রত্যেক দোষীকে জেলে পাঠানো হবে।

ব্যরাকপুরের সভা শেষে শিলিগুড়ির গোসাইপুরে এক কর্মসভাতে যোগ দিয়ে অনুপ্রবেশের ঘটনা নিয়েও উদ্বেগ প্রকাশ করে শ্রী শাহ একে জাতীয় নিরাপত্তার ক্ষেত্রে বিপদ বলে উল্লেখ করেন। এপ্রসঙ্গে তিনি সীমান্তে BSF কে জমি দেবার জন্য রাজ্যকে কলকাতা হাইকোর্টের নির্দেশ এর কথাও উল্লেখ করেন। রাজ্য বিজেপি সরকার গঠিত হলে ৪৫ দিনের মধ্যে সীমান্তে বেড়া দেবার কাজ সম্পন্ন করা হবে বলে আশ্বাস দিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী।

বাইট (ল্যান্ড)

তিনি বলেন, উত্তরবঙ্গের আয়তন এবং জনসংখ্যার হিসাবে যে পরিমাণ বাজেট হওয়ার কথা, তার চেয়ে এক টাকা হলেও বেশি বাজেট কেন্দ্রীয় সরকার উত্তরবঙ্গের জন্য দেবে। পাশাপাশি রাজ্য সরকার জায়গা না দেবার কারণে উত্তরবঙ্গে AIIMS তৈরি করা যাচ্ছে, না বলে শ্রী শাহ অভিযোগ করেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ অনুপ্রবেশ নিয়ে সঠিক কথা বলছেন না বলে দাবি করেছে তৃণমূল কংগ্রেস। দলের তরফে মন্ত্রী ব্রাত্য বসু ও সাংসদ পার্থ ভৌমিক সাংবাদিক বৈঠকে বলেন রাজ্যে অনুপ্রবেশ হয়ে থাকলে তার দায় স্বরাষ্ট্রমন্ত্রীকে নিতে হবে। এসআইআর-এ সাধারণ মানুষের হয়রানির অভিযোগেও সরব হয়েছে তৃণমূল।

দক্ষিণ ২৪ পরগনার নরেন্দ্রপুরের নাজিরাবাদে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় রাজ্য সরকার বিশেষ তদন্তকারী দল গঠন করেছে। বারুইপুর পুলিশ জেলার সুপার শুভেন্দু কুমারের নেতৃত্বে পাঁচ সদস্যের এই দল ঘটনার যথাযথ তদন্ত করে রাজ্য সরকারকে রিপোর্ট জমা দেবে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

পূর্ব কলকাতার আনন্দপুরে ভয়াবহ অগ্নিকাণ্ড ও বেআইনি জলাভূমি ভরাটের অভিযোগে প্রদেশ কংগ্রেস আজ কলকাতায় প্রতিবাদ মিছিল করে। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষেত্র সরকারের নেতৃত্বে ওই মিছিল পূর্ব কলকাতার ইএম বাইপাসে রুটি

মোড় থেকে আনন্দপুর পর্যন্ত যায়। মৃতদের পাশাপাশি অগ্নিকাণ্ডে আহতদের উপযুক্ত আর্থিক ক্ষতিপূরণ দেওয়ার দাবি জানিয়েছেন শুভক্ষর বাবু।

অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ আগামীকাল লোকসভায় কেন্দ্রীয় বাজেট পেশ করবেন। লোকসভার বাজেটের একটি প্রতিলিপি রাজ্যসভায় রাখা হবে। ২০১৯ এ দায়িত্ব পাওয়ার পর এটি হবে শ্রীমতী সীতারমণের নবম বাজেট।

আগামীকালের কেন্দ্রীয় বাজেটের দিকে তাকিয়ে সারা দেশ। এরাজ্যের মানুষও উদগ্রীব নতুন কি পরিকল্পনার ঘোষণা অপেক্ষা করছে তাঁদের জন্য।

আসন্ন বাজেটে জনমনের আশা প্রত্যাশা নিয়ে আকাশবাণী সংবাদের একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

কেন্দ্রীয় বাজেটের প্রেক্ষিতে আকাশবাণী, সকাল ১০ টা ১০ মিনিট থেকে প্রাক-বাজেট আলোচনা ও অর্থমন্ত্রীর বাজেট ভাষণ সরাসরি সম্প্রচার করবে। শোনা যাবে আকাশবাণীর গীতাঞ্জলী এবং FM গোল্ড চ্যানেলে। এর ফলে সংবাদ সম্প্রচারের সময়ের বেশ কিছু পরিবর্তন করা হচ্ছে। বেলা সাড়ে ১২টার গ্রামীণ এবং ১২টা ৫০-এর বাংলা সংবাদ শোনা যাবে FM রেনবো চ্যানেলে।

বেলা দেড়টার জাতীয় সংবাদ ওইদিন প্রচারিত হবে ১টা ৫০ মিনিটে গীতাঞ্জলী প্রচারতরঙ্গে। তারপরই দুপুর ২টোয় প্রচারিত হবে ১টা ৪০-এর স্থানীয় সংবাদ। বিকেল ৫-১০-এর বাংলা সংবাদ এবং রাত্রি ৮টা ১০-এর ‘খেলার খবর’ নির্ধারিত সময়েই শোনা

যাবে FM রেনবো চ্যানেলে। ওইদিন সঙ্গে ৭.৫০-এর স্থানীয় সংবাদ হবে ১৫ মিনিটের। বাজেট নিয়ে বিশেষ আলোচনা প্রচারিত হবে রাত ৮টা ৩০ থেকে ৯টা পর্যন্ত গীতাঞ্জলী এবং FM রেনবো প্রচারতরঙে।

FM রেনবোয় সব হেডলাইন নির্ধারিত সূচী অনুযায়ী প্রচারিত হবে।

SIR প্রক্রিয়ায় তথ্য আপলোডের ক্ষেত্রে কোনও ধরনের ভুল আর গ্রাহ্য করা হবে না বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে। সেই লক্ষ্যে মাইক্রো অবজার্ভারদের দায়িত্বে গুরুত্বপূর্ণ পরিবর্তন আনা হয়েছে বলে কমিশন সূত্রে জানা গেছে। এতদিন মাইক্রোঅবজার্ভাররা মূলত শুনানি কেন্দ্রে উপস্থিত থেকে তথ্য যাচাইয়ের কাজ করতেন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আজ জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠকে নির্দেশ দিয়েছেন, আগামী কালের মধ্যে মাইক্রোঅবজার্ভারদের হিয়ারিং সেন্টার থেকে তুলে এনে ইআরও এবং AERO দের সঙ্গে স্কুটিনির কাজে যুক্ত করতে হবে। সোমবার থেকে তাঁরা রোল অবজার্ভারদের অধীনে থেকে এই দায়িত্ব পালন করবেন।

ঝাড়খনে মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকের অস্বাভাবিক মৃত্যুর ঘটনার পর অশান্তি ও হিংসার ঘটনার তদন্তে আজ এন আই এ'র তদন্তকারীরা বেলডাঙ্গায় যান। পুলিশকে সঙ্গে নিয়ে বেড়ুয়া মোড়ে ঘটনাস্থল পরিদর্শন করেন তারা। যান মহেশপুরেও।

এর আগে আদালতের নির্দেশ মেনে মুর্শিদাবাদের বেলডাঙ্গার অশান্তি কাণ্ডে তদন্তের ভার জাতীয় তদন্তকারী সংস্থা-NIA-কে দেয় কেন্দ্র।

এদিকে, ঐ অশান্তির ঘটনায় ধৃতদের মধ্যে ৯ জনকে জেল হেফাজতে জিজ্ঞাসাবাদের জন্য অনুমতি পেয়েছে এনআইএ। তাদের আজ আবার বহরমপুর আদালতে তোলা হলে বিচারক জেল হেফাজতের নির্দেশ দেন।

হরিয়ানাকে ১৮৮ রানে হারিয়ে বাংলা রঞ্জি ট্রফি ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে পৌঁছেছে। রোহতকে আজ বাংলার দ্বিতীয় ইনিংস ২০০ রানে শেষ হয়। জয়ের জন্য ২৯৪ রানের লক্ষ্য নিয়ে দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে হরিয়ানা ১০৫ রানে সরকাটি উইকেট হারায়। বাংলার শাহবাজ আহমেদ ছয় উইকেট নেন।
